

2019

BENGALI

(Modern Indian Language)

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

- ১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০
- (ক) ‘একেই কি বলে সভ্যতা’ প্রহসনের কালীবাবুর পরম বৈষ্ণব খুড়ো মহাশয়ের নাম কী ?
- (খ) “মদ্ মাস খেয়ে ঢলাঢলি কল্লেই কি সভ্য হয়?” বক্তা কে ?
- (গ) “এ লক্ষ্মীছাড়াকে আর এখানে রেখে কাজ নেই। চল এখন আমরা যাই।” ‘লক্ষ্মীছাড়া’ কে ?
- (ঘ) নবকুমারের ভৃত্যের নাম কী ?
- (ঙ) নববাবুদের সভা ভবনটি কোথায় অবস্থিত ?
- (চ) চন্দ্রবীপের রাজার নাম কী ?
- (ছ) মহারাজ প্রতাপাদিত্য উদয়াদিত্যকে কোন্ পরগণা শাসনের ভার দিয়েছিলেন ?

- (জ) “দেখো বৈরাগী, তুমি অমন পাগলামি করে আমাকে ভোলাতে পারবে না।” ‘বৈরাগী’র নাম কী?
- (ঝ) বসন্ত রায় কোথাকার রাজা ছিলেন?
- (ঞ) “আমি তোমাকে বলে রাখছি, কাল যদি ঐ শ্রীপুরের মেয়ে শ্রীপুরে ফিরে না যায় তাহলে আমি উদয়কেসুদ্ধ নির্বাসনে পাঠাব।” ‘শ্রীপুরের মেয়ে’ কে?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৫=১০

- (ক) “দোহাই সাহেবের আমি চুরি করিনি, আমাকে ছেড়ে দেও।” বক্তা কে? তিনি কাকে এ কথা বলেছেন?
- (খ) “ছেলেটি দেখতে শুনতেও যেমন, আর তেমনি সুশীল।” বক্তা কে? তিনি কার কথা বলেছেন?
- (গ) “তিনিই এই অগ্নিকাণ্ড ঘটিয়ে ছোঁড়াটাকে নিয়ে পালিয়েছেন।” ‘তিনিই’ এবং ‘ছোঁড়াটাকে’ বলতে কোন্ দুজনের কথা বলা হয়েছে?
- (ঘ) “ছেলেমানুষ, অপরিণামদর্শী, সে কি তোমার ক্রোধের যোগ্য পাত্র?” বক্তা কে? ‘ছেলেমানুষ’ বলতে কার কথা বলা হয়েছে?
- (ঙ) “রামচন্দ্র যেমন ভুলেছিলেন তিনি অবতার, তোমারও সেই দশা হয়েছে। কিন্তু ভক্তকে ভোলাতে পারবে না।” কাকে রামচন্দ্রের সঙ্গে তুলনা করা হয়েছে? ‘ভক্ত’ কে?

- ৩। 'ক' গুচ্ছ থেকে দুটি প্রশ্নের এবং 'খ' গুচ্ছ থেকে দুটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

ক—গুচ্ছ

- (ক) 'একেই কি বলে সভ্যতা' প্রহসনের কালীনাথ চরিত্রটি সংক্ষেপে আলোচনা করো।
- (খ) 'একেই কি বলে সভ্যতা' অবলম্বনে জ্ঞানতরঙ্গিণী সভার বর্ণনা দাও।
- (গ) "নবকুমারের জননী এ প্রহসনে রক্তমাংসের স্বাভাবিক নারী।" সমালোচকের উক্ত মন্তব্যের যথার্থ্য বিচার করো।

খ—গুচ্ছ

- (ঘ) "এ বাড়িতে এসে সেই সোনার লক্ষ্মী এই আজ প্রথম আরাম পেল।" প্রসঙ্গটি বিশদ করো।
- (ঙ) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :
"আমরা পুরুষানুক্রমে রাজসভায় ভাঁড়বৃত্তি করে আসছি, আমরা বেদে আমরা জাতসাপ চিনি নে?"
- (চ) 'প্রায়শ্চিত্ত' নাটকে অপ্রধান চিত্রগুলির গুরুত্ব সংক্ষেপে আলোচনা করো।

- ৪। 'ক' গুচ্ছ থেকে দুটি প্রশ্নের এবং 'খ' গুচ্ছ থেকে দুটি প্রশ্নের উত্তর দাও :

১০×৪=৪০

ক—গুচ্ছ

- (ক) “একেই কি বলে সভ্যতা’য় মধুসূদনের হাস্যরস সৃষ্টি উদ্দেশ্যমূলক হলেও এতে অনাবিল পরিচ্ছন্ন কৌতুকহাস্যের উপাদানও যথেষ্ট।” আলোচনা করো।
- (খ) ‘একেই কি বলে সভ্যতা’ প্রহসনের সংলাপ সৃষ্টিতে মধুসূদনের কৃতিত্বের পরিমাপ করো।
- (গ) “উক্তি ও আচরণের অসঙ্গতিই আলোচ্য প্রহসনে নবকুমার চরিত্রের বৈশিষ্ট্য।” উক্তিটির যাথার্থ্য বিচার করো।
- (ঘ) “একেই কি বলে সভ্যতা’য় অশ্লীলতার প্রসঙ্গটি সেকালের রক্ষণশীল স্পর্শকাতরতার উদাহরণ মাত্র। আধুনিক দৃষ্টিতে এর মধ্যে নাট্যকারের কোনো রুচিদুষ্টিতার পরিচয় নেই।” সমালোচকের উক্ত মন্তব্যের যৌক্তিকতা বিচার করো।

খ—গুচ্ছ

- (ঙ) ‘প্রায়শ্চিত্ত’ নাটকের নামকরণের সার্থকতা বিচার করো।
- (চ) “বিভার জীবনের করুণ পরিণতি ও আত্মত্যাগকে কেন্দ্র করিয়া নাটকে ট্রাজেডি সৃষ্টি হইয়াছে।” আলোচনা করো।
- (ছ) ‘প্রায়শ্চিত্ত’ নাটকে ধনঞ্জয় বৈরাগী চরিত্রটির গুরুত্ব আলোচনা করো।
- (জ) “প্রতাপাদিত্য নহে, উদয়াদিত্যই ‘প্রায়শ্চিত্ত’ নাটকের প্রধান চরিত্র।” উক্তিটির যৌক্তিকতা বিচার করো।
